blast
ব্লাস্ট

# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
# BANGLADESH LEGAL AID and SERVICES TRUST (BLAST)

১০ মে ২০২৫

**প্রেস বিজ্ঞপ্তি**

## মুন্সীগঞ্জ লঞ্চঘাটে ২জন তরুণীকে প্রকাশ্যে প্রহারের ঘটনার তদন্তপূর্বক জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপসহ সংশ্লিষ্ট তরুণীদের নিরাপত্তার জন্য প্রশাসনকে যথাযথ ব্যবস্থা গ্রহন করার জোরালো দাবী জানাচ্ছে ব্লাস্ট

মুন্সীগঞ্জ লঞ্চঘাটে ২জন তরুণীকে একটি লঞ্চে প্রহারের ঘটনার তদন্তপূর্বক জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপসহ সংশ্লিষ্ট প্রশাসনকে যথাযথ ব্যবস্থা গ্রহন করার জোরালো দাবী জানাচ্ছে ব্লাস্ট। একইসাথে ২জন তরুণীর উপর সংঘটিত এই ধরণের সহিংসতা দেশে বিদ্যমান আইনানুযায়ী বিচার করা এবং এ সহিংসতায় দায়ী ব্যক্তিদের জবাবদিহিতা নিশ্চিতকরণ বিষয়ক সুস্পষ্ট একটি নির্দেশনা প্রণয়নে সরকারীভাবে জরুরি পদক্ষেপ গ্রহণের দাবী জানাচ্ছে ব্লাস্ট।

ইতিমধ্যে এই বিষয়ে বাংলাদেশ পুলিশ এর মাননীয় মহাপরিদর্শক (আইজিপি) বরাবর একটি লিখিত আবেদন ব্লাস্ট হতে প্রদান করা হয়েছে।

সাম্প্রতিক সময়ে প্রকাশিত গণমাধ্যম সূত্রে জানা যায় যে, গত ৯মে (শুক্রবার) রাত সাড়ে ৯টার দিকে দুজন তরুণী ঢাকা-লালমোহন রুটের লঞ্চে করে পিকনিক শেষে বাড়ি ফিরছিলেন। সংবাদপত্রের সূত্র মতে জানা যায় যে, নেহাল আহমেদ জিহাদ নামক জনৈক ব্যক্তি ঐ দুজন তরুণীকে প্রকাশ্যে মারধর করেন এবং তিনি প্রকাশ্যে দোষ স্বীকার করেছেন যে তাদেরকে "ভাই হিসেবে শিক্ষা দেওয়ার জন্যই" তিনি এই কাজ করেছেন।

এ ধরনের প্রহারের ঘটনা দণ্ডবিধির ৩২৩ (কোনো ব্যক্তিকে আঘাত করার শাস্তি), ৩২৫ (কোনো ব্যক্তিকে গুরুতর আঘাত করার শাস্তি) ৩৫৪ (শ্লীলতাহানি) -ধারাসমূহের অধীনে, শিশু আইন ২০১৩ এর অধীনে এবং নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০-এর ১০ ধারা অনুযায়ী আরও গুরুতর অপরাধ হিসেবে গণ্য হতে পারে। একইসাথে, এই ধরণের সহিংসতা বাংলাদেশ সংবিধানের ৩১ অনুচ্ছেদে (আইনের আশ্রয় লাভের অধিকার) এবং ৩৫(৫) অনুচ্ছেদের (বিচার ও দণ্ড সম্পর্কে সুরক্ষা) সাথে সম্পূর্ণরূপে সাংঘর্ষিক।

এমতাবস্থায় ঘটনার দ্রুত এবং সুস্থ তদন্ত ও এ সহিংসতায় দায়ী ব্যক্তিদের জবাবদিহিতা ও যথাযথ বিচার নিশ্চিতের দাবী জানাচ্ছে ব্লাস্ট।

প্রয়োজনে যোগাযোগ করুন:
কমিউনিকেশন বিভাগ, বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)
ই-মেইল: communication@blast.org.bd